

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নম্বর: ০৫.০০.০০০০.১১০.০৬.০৩৬.২২.৮৮১

তারিখ: ২ বৈশাখ ১৪৩১

১৫ এপ্রিল ২০২৪

### অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ০১.০৮.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৩২.২২-৮০৮ সংখ্যক অফিস আদেশে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার মোটরযান, নৌযান, কম্পিউটার, আসবাবপত্র ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ‘অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণ কমিটি’ গঠন করা হয়। উক্ত আদেশ সংশোধনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

১.	অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়	- সভাপতি
২.	যুগ্মসচিব (প্রশাসন/সচিবালয় ও কল্যাণ/মুদ্রণ ও পরিবহন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়	- সদস্য
৩.	পরিচালক (সড়ক/নৌ) সরকারি যানবাহন অধিদপ্তর	- সদস্য
৪.	সংশ্লিষ্ট দপ্তরের পরিচালক/উপপরিচালক (সংশ্লিষ্ট দপ্তরের ক্ষেত্রে)	- সদস্য
৫.	নির্বাহী প্রকৌশলী (যন্ত্র/ই-এম) গণপূর্ত মন্ত্রণালয়	- সদস্য
৬.	উপপরিচালক, বিআরটি	- সদস্য
৭.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন বিশেষজ্ঞ	- সদস্য
৮.	সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়	- সদস্য
৯.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪/পরিবহন/মুদ্রণ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়	- সদস্য-সচিব

### কমিটির কার্যপরিধি:

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য অফিস সামগ্রী অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণের ক্ষেত্রে প্রশাসন-৪ শাখা সাচিবিক দায়িত্ব পালন করবে। সে ক্ষেত্রে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) উক্ত কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে।

(খ) সরকারি যানবাহন অধিদপ্তরের মোটরযান ও নৌ-যান অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণের ক্ষেত্রে পরিবহন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবে। সে ক্ষেত্রে যুগ্মসচিব (মুদ্রণ ও পরিবহন অধিশাখা) উক্ত কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে।

(গ) সরকারি কর্মচারী হাসপাতালের যন্ত্রপাতি, কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য অফিস সামগ্রী অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণের ক্ষেত্রে অনুদান ও হাসপাতাল ব্যবস্থাপনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবে। সে ক্ষেত্রে যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা) উক্ত কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে।

(ঘ) এছাড়া অন্যান্য দপ্তর/অধিদপ্তর/সংস্থার যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য অফিস সামগ্রী অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণের ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রশাসনিক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবে এবং অধিশাখা প্রধান সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত থাকবে।

(০২) এ কমিটি ১১ মে, ১৯৯৯ তারিখের সম(পরি-১প-৫/৯৮-১৫৮(২০০) নং অফিস স্মারকে জারিকৃত মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার, আসবাবগত ও অফিসে ব্যবহৃত অন্যান্য মন্ত্রণালয়ে অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করণ নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষণা ও নিষ্পত্তি করবে।

(০৩) ইতৎপূর্বে ১০.০৬.২০২১ তারিখের ০৫,০০,০০০০.১১০.২৮.০১৯.২১-৮৮২ সংখ্যক স্মারকে গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা করা হলো।

(০৪) এ কমিটি প্রয়োজনে এক বা একাধিক নতুন সদস্য সংযোজন করতে পারবে।

(০৫) কমিটি গঠন সংক্রান্ত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১৫-৪-২০২৪

আলাউদ্দিন আলী

উপসচিব

ফোন: ৫৫১০০২১৬

ইমেইল:

adminint@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১০.০৬.০৩৬.২২.৮৮১/১(২৮)

তারিখ: ২ বৈশাখ ১৪৩১  
১৫ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রযোজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোতির ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
- ৪) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
- ৬) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
- ৮) নির্বাহী পরিচালক (গ্রেড-১), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৯) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
- ১০) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা
- ১১) যুগ্মসচিব, আইন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১২) যুগ্মসচিব, সচিবালয় ও কল্যাণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৪) যুগ্মসচিব, মুদ্রণ ও পরিবহন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৫) উপসচিব, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

- ১৬) উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মুদ্রণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৮) উপসচিব, কল্যাণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২০) নির্বাহী প্রকৌশলী (যন্ত্র/ই-এম), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৫-৮-২০২৪

আলাউদ্দিন আলী

উপসচিব